Equity and Justice Working Group Bangladesh (EquityBD)

Equity and Justice Working Group Bangladesh (EquityBD) is a campaign platform and CSO alliance that has established in August 2007 with a vision of "a world of equity and justice where human rights and democracy are the social culture". The mission of this alliance is "to promote policy debate and changes in practice through campaign and mobilization linking local, national and international level. The rationales of establishing this alliance are; a) to strengthen NGO/CSOS position and campaign against the neo-liberal economic policies; (b) to initiate contemporary need-based campaign following a quick process of decision making and (c) to build up an alternative non-partisan CSO movement against the flawed development paradigm.

The group emphasizes on campaign and advocacy for policy and changes in practice with micro and macro linkages. EquityBD follows a systematic approach in each of its campaign and mobilization initiatives that include (i) policy research and specific positioning; (ii) influencing high level political policy makers in national level; (iii) intensive effort for media coverage in both print and electronic media to outreach as much as possible to promote critical mass; (iv) emphasizing cyber activism and web-based campaign (electronic newsletter, campaigning through group mail, e-networking etc.) for wider coverage of stakeholders in national and international level.

We want you too to get involved in this online activism. Keep an eye on www.equitybd.org to be informed on the national and international events and news on climate and other issues. We maintain a mailgroup called *Agrapathik*, being a member of which you will start getting news, views, opinions and criticism in your mailbox everyday on climate change, neo liberal economics, human rights, democracy and others. Just fill up a simple from and subscribe today.

From this year EquityBD will emphasize not to produce printing or paper based materials for less carbon footprint and promoting a paperless office. And as the national parliamentary election will be held in next year; EquityBD will try to reach the policy leaders in different political parties as much as possible so that the parliament has new members (MP) who are well oriented on our concern and issues.

In the year 2012, the major focus of EquityBD led campaigns was the climate justice. EquityBD has conducted a total of 27 events and out of them 20 events (11 seminar & workshop, 04 press conference 04 human chain and one mass rally) were on the issue of climate justice especially demanding transparency & accountability in the government managed climate fund (Bangladesh Climate Change Trust Fund- BCCTF), opposing WB involvement in BCCRF (Bangladesh Climate Change Resilient Fund) and demanding new country policy on climate induced internal displacement. EquityBD had also mobilized campaign during the pre and post CoP (Conference of the Parties in Doha, Qatar in Dec 2012) on pro-people positioning on climate negotiation.

We'll try to mobilize the same this year to create the mass awareness. By providing information through different media and initiating debate on different issue we'll keep whipping a critical mass who will put pressure on the government from their own position and this is how the democratic culture will be promoted. Get involve, keep informed.

ইক্যুইটি এন্ড জাস্টিস ওয়ার্কিং গ্রুপ, বাংলাদেশ (ইক্যুইটিবিডি)

ইক্যুইটি এন্ড জাস্টিস ওয়ার্কিং গ্রুপ বাংলাদেশ (সংক্ষেপে ইক্যুইটিবিডি) হচ্ছে বাংলাদেশের একটি ক্যাম্পেইন প্লাটফরম এবং নাগরিক সমাজ সংগঠনসমুহের একটি জোট। এই জোট ২০০৭ সালের আগস্ট মাসে গঠিত হয় এবং যার লক্ষ্য হচ্ছে সাম্যতা ও ন্যায়বিচার ভিত্তিক এমন একটি পৃথিবীর সুচনা করা যেখানে সামাজিক সংস্কৃতি হবে মানবাধিকার ও গণতন্ত্র। এই জোটের মিশন হচ্ছে স্থানীয়, জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের সাথে সম্পৃক্ততা রক্ষা করে বিভিন্ন বিষয়ে ক্যাম্পেইন সংগঠনের মধ্য দিয়ে নীতি বিতর্কের বিষয়গুলোকে উৎসাহিত করা যাতে দরিদ্র-বান্ধব উন্নয়ণ নীতিমালা প্রণীত হয় এবং সেগুলো দারিদ্র বিমোচনে ভূমিকা রাখে। এই জোট তৈরির যৌক্তিকতা হচ্ছে: ক) নয়া উদারবাদী অর্থনৈতিক নীতিসমুহের বিরুদ্ধে ক্যাম্পেইন ও অবস্থান গ্রহণের জন্য দেশব্যাপী এনজিও ও নাগরিক সমাজ সংগঠনকে শক্তিশালী করা; খ) দ্রুত সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় সমসাময়িক বিষয়ের উপর চাহিদা ভিত্তিক ক্যাম্পেইনের উদ্যোগ গ্রহণ করা; গ) কথিত উন্নয়ন ধারণার বিরুদ্ধে দলীয় লেজুড়বৃত্তিমুক্ত একটি বিকল্প নাগরিক সমাজ আন্দোলন গড়ে তোলা।

ইক্যুইটিবিডি স্থানীয় পর্যায় থেকে জাতীয় এবং আন্তর্জাতিক পরিসরে সংযোগ এবং নীতি ও আচরণ পরিবর্তনের জন্য ক্যাম্পেইন এবং এডভোকেসির উপর গুরুত্ব দিয়ে থাকে। এই জোট তার সকল ধরনের ক্যাম্পেইন ও সংগঠন কাজের ক্ষেত্রে যেসব পদ্ধতিগত চর্চা অনুসরণ করে তা হচ্ছে: ১) নীতি গবেষণা এবং কোন উন্নয়ন নীতির পক্ষে বা বিপক্ষে সুনির্দিষ্ট অবস্থান গ্রহণ; ২) জাতীয় ক্ষেত্রে উচ্চ পর্যায়ের রাজনৈতিক নীতি নির্ধারকদের প্রভাবিত করা; ৩) বিশ্লেষণ দৃষ্টিভঙ্গিসম্পন্ন একটি জনসমষ্টি তৈরির লক্ষ্যে যথাযথ প্রচারণার জন্য মুদ্রণ ও সম্প্রচার গণমাধ্যমের উপর সর্বোচ্চ সম্ভব গুরুত্ব দেয়া; ৪) জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে বৃহত্তর স্টেকহোল্ডারের কাছে দ্রুততম সময়ের মধ্যে সংবাদ পৌঁছানোর জন্য সাইবার একটিভিজম, গ্রুপ মেইল, ব্লগ এবং ওয়েবকেন্দ্রিক আন্দোলনকে জনপ্রিয় করা।

আমরা চাই আপনিও সম্পৃক্ত হোন এই অনলাইন একটিভিজমে। জলবায়ু সংক্রান্ত দেশ-বিদেশের খবরাখবর পেতে চোখ রাখুন www.equitybd.org তে। এছাড়া "অগ্রপথিক" নামে আমাদের একটি গ্রুপমেইল আছে। এই গ্রুপ মেইলে আপনিও একজন সক্রিয় সদস্য হয়ে জলবায়ু, নয়া-উদারবাদী অর্থনীতি, মানবাধিকার বিষয়ক সংবাদ, তথ্য আদান-প্রদান এবং আপনার মতামত ও বিশ্লেষণ দিতে পারবেন।
এক্ষেত্রে আপনাকে ইক্যুইটিবিডির একটি অগ্রপথিক সদস্য ফরম পুরণ করতে হবে মাত্র।

চলতি বছরের জন্য ইক্যুইটিবিডি দুইটি সিদ্ধান্ত নিয়েছে: এক. এ বছর ইক্যুইটিবিডি পৃথিবীতে গ্রিন হাউজ গ্যাস নিঃসরণ কমাতে সামান্যতম হলেও অবদান রাখবে। এবছর তারা কোনও মুদ্রণ কাজ করবে না, কারণ মুদ্রণ কার্বন ফুটপ্রিন্টে ভূমিকা রাখে। আর দুই. আসন্ন সংসদ নির্বাচনের পুর্বে যত বেশি সম্ভব রাজনৈতিক নেতাদের সাথে সম্পৃক্ততা বাড়ানো যাতে করে পরবর্তী সংসদের বেশিরভাগ সদস্য মানবাধিকার ও গণতন্ত্রের বিষয়গুলোতে পুর্বের যে কোনও সংসদ সদস্যদের চেয়ে বেশি অবহিত থাকেন।

২০১২ সালে ইক্যুইটিবিডির প্রধান নজর ছিল জলবায়ু পরিবর্তন বিষয়টির উপর নিবন্ধ। সে বছর ইক্যুইটিবিডি মোট ২৭টি ইভেন্ট আয়োজন করে তার মধ্যে ২০টিই (১১টি সেমিনার, ৪টি সংবাদ সম্মেলন, ৪টি মানববন্ধন ও ১ টি গণর‌্যালি) ছিল জলবায়ু ন্যায়বিচার (Climate Justice) বিষয়ে। জলবায়ু ন্যায়বিচার অর্থ হচ্ছে, কার্বন উদগীরনের কারণে দায়ী ধনী দেশগুলো কতৃক বিভিন্ন দরিদ্র দেশ (যারা জলবায়ু পরিবর্তনের কারনে ক্ষতিগ্রস্থ হচ্ছে) তাদেরকে ক্ষতিপুরণ দেয়ার বাধ্যবাধক বিষয়। এই ক্ষতিপুরণ কোনও দয়া দাক্ষিণ্য নয়, বরং ক্ষতিগ্রস্ত দেশগুলোর অধিকার। ২০১২ সালের কর্মসূচিতে ইক্যুইটিবিডি'র আরও একটি প্রধান প্রচারণার বিষয় ছিল, বাংলাদেশে সরকার পরিচালিত জলবায়ু তহবিলের (বাংলাদেশ ক্লাইমেট চেঞ্জ ট্রাস্ট ফান্ড) স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা, বাংলাদেশ ক্লাইমেট চেঞ্জ রেজিলিয়েন্ট ফান্ডে বিশ্বব্যাংকের সম্পৃক্ততার বিরোধিতা এবং দেশের অভ্যন্তরে জলবায়ু প্রভাবের ফলে সৃষ্ট মাইগ্রেশনের (আক্রান্ত জনগোষ্ঠীর দেশের মধ্যে অথবা দেশের বাইরে স্থানান্তর) ব্যাপারে দ্রুত একটা জাতীয় নীতি প্রণয়নের চেষ্টা করা। এছাড়াও ইক্যুইটিবিডি গত কয়েক বছর ধরে এবং সর্বশেষ কাতাদের দোহায় জলবায়ু বিষয়ক ১৮তম সম্মেলনের আগে ও পরে ক্যাম্পেইন পরিচালনা করে বাংলাদেশের ক্ষেত্রে জলবায়ু পরিবর্তন এবং এর ঋণাত্মক প্রভাব এবং আমাদের ন্যায্য দাবীর উপর বিশ্ব জনমতের দৃষ্টি আকর্ষনের চেষ্টা করা হয়।

এ বছরও একইভাবে আমরা এসব বিষয় নিয়ে জনসচেতনতা তৈরি করব। নানা মাধ্যমে তথ্য সরবরাহ করে, সর্বপোরি জাতীয় বিষয়ে নীতিবিতর্ক তৈরি করে আমরা জনগণের মধ্যে বিশ্লেষণাত্মক মনোভাব সম্পন্ন একটা অগ্রসর জনগোষ্ঠী তৈরির কাজ করব, যারা নিজ নিজ অবস্থান থেকে সরকারকে বিভিন্ন বিষয়ে গণমুখী অবস্থান নিতে চাপ সৃষ্টি করবে, এবং এভাবেই দেশে গণতান্ত্রিক সংস্কৃতির সুচনা হবে।

equitybd
House 13 Road 2, Shamoli, Dhaka 1207, Bangladesh
Tel: +8802-8125181, 8154673, Fax: +8802-9129893, Email: info@equitybd.org
www.equitybd.org